

## ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ৬৭

আরবি মূল আয়াত:

فَأَوْجَسَ فِي نَفْسِهِ خِيفَةً مُوسَى ﴿٦٧﴾

অনুবাদসমূহ:

তখন মূসা তার অন্তরে কিছুটা ভীতি অনুভব করল। — আল-বায়ান

তখন মূসা তার মনে ভীতি অনুভব করল। — তাইসিরুল

মূসা তার অন্তরে কিছু ভীতি অনুভব করল। — মুজিবুর রহমান

And he sensed within himself apprehension, did Moses. — Sahih International

৬৭. তখন মূসা তার অন্তরে কিছু ভীতি অনুভব করলেন।(১)

(১) মনে হচ্ছে, যখনই মূসার মুখ থেকে “নিষ্ক্ষেপ করো” শব্দ বের হয়েছে তখনই জাদুকররা অকস্মাৎ নিজেদের লাঠিসোটা ও দড়িদাড়াগুলো তাঁর দিকে নিষ্ক্ষেপ করে দিয়েছে এবং হঠাৎই তাঁর চোখে ভেসে উঠেছে যেন শত শত সাপ কিলবিল করতে করতে তাঁর দিকে দৌড়ে চলে আসছে। [ইবন কাসীর] এ দৃশ্য দেখে মূসা আলাইহিস সালাম তাৎক্ষণিকভাবে এ আশংকা করলেন যে, মুজিয়ার সাথে এতটা সাদৃশ্যপূর্ণ দৃশ্য দেখে জনসাধারণ নিশ্চয়ই বিভ্রাটে পড়ে যাবে এবং তাদের পক্ষে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা কঠিন হয়ে পড়বে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৬৭) মূসা তার অন্তরে কিছু ভয় অনুভব করল।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2415>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন